

আরও তথ্য, পরামর্শ এবং সাহায্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন 0161 945 4187 এই নম্বরে।
জরুরী অবস্থায় পুলিশের সাথে যোগাযোগ করুন 999 এই নম্বরে।

ঘড়ো মাহিতী, সলাহ অনে সহায় মারে 0161 945 4187 নংর পর অমারো সঁপর্ড সাধো.
ঈমরজসীমা পোতীসলো 999 নংর পর সঁপর্ড সাধো অথবা

مزید معلومات، مشورہ اور مدد کیلئے ٹیلی فون نمبر 0161-945 4187 پر رابطہ کریں
ایمرجنسی میں پولیس کے ساتھ 999 پر رابطہ کریں

للحصول عن معلومات أو نصائح أو دعم أكثر اتصل بنا على رقم الهاتف 01619454187
عند الحالات الطارئة اتصل بالشرطة على 999

अधिक जानकारी, सलाह-परामर्श व सपोर्ट के लिए कृपया 0161 945 4187 नम्बर पर फोन कीजिए।
इमरजन्सि में पुलिस को 999 पर फोन कीजिए।

ਹੋਰ ਜਾਣਕਾਰੀ, ਸਲਾਹ ਅਤੇ ਸਹਾਇਤਾ ਲੈਣ ਲਈ ਟੈਲੀਫੋਨ ਨੰਬਰ 0161 945 4187 ਤੇ ਗੱਲ ਕਰੋ
ਐਮਰਜੈਂਸੀ ਵਿਚ ਪੁਲਿਸ ਨੂੰ 999 ਤੇ ਫੋਨ ਕਰੋ

**For information, advice,
support and refuge
accommodation for Asian
women and children
contact**

**Saheli – 0161 945 4187
9am- 5pm**

**In an emergency contact the
Police on 999**



Registered Charity No.: 1033067

Saheli ♀

পারিবারিক নির্যাতন একটি অপরাধ

পারিবারিক নির্যাতনকে না বলুন



সহেলী এশিয়ান মহিলাদের মাধ্যমে পরিচালিত এশিয়ান মহিলাদের জন্য একটি প্রতিষ্ঠান

সহেলীর কাজ

সহেলী দক্ষিণ এশিয়ার মহিলাদের এবং তাদের বাচ্চাদের, যারা পারিবারিক নির্যাতনের ভয়ে পালিয়ে এসেছেন, তাদের জন্য জরুরী ভিত্তিতে অস্থায়ী বাসস্থান প্রদান করে। আমরা অনেকধরনের নিরাপদ ও গোপনীয় সার্ভিস প্রদান করি।

- ✓ রেফুজ সার্ভিস বা আশ্রয়কেন্দ্রে: রেফুজ কর্মচারীরা ৬ বেডরুমের একটি আশ্রয়কেন্দ্র পরিচালনা করে মহিলা এবং বাচ্চাদের জন্য যারা পারিবারিক নির্যাতনের পরিবেশ থেকে পালিয়ে এসেছেন।
- ✓ বাচ্চাদের সার্ভিস: আশ্রয়কেন্দ্রের ভেতরে একটি বাচ্চাদের সার্ভিস রয়েছে যারা নিশ্চিত করে বাচ্চাদের চাহিদা যেন ঠিকভাবে মেটানো হয়, উদাহরণস্বরূপ খেলাধুলার সময় এবং একেকজনের সাথে এককভাবে সময় কাটানো।
- ✓ পরবর্তী দেখাশুনা এবং আউটরিচ সার্ভিস এশিয়ান মহিলা এবং বাচ্চা যাদেরকে হয় নতুনভাবে বাড়ী দেওয়া হয়েছে অথবা যারা কমিউনিটির মধ্যে বসবাস করছেন এবং পারিবারিক নির্যাতনের শিকার হয়েছেন বা অভিজ্ঞতা পেয়েছেন।

যেসব সার্ভিস দেওয়া হয় তার অন্তর্ভুক্ত হল:

- ✓ পারিবারিক নির্যাতনের কারণে পালিয়ে এসেছেন এমন এশিয়ান মহিলা ও বাচ্চাদের জরুরী ভিত্তিতে বাসস্থান প্রদান করা।
- ✓ সাংস্কৃতিক বা জাতিগতভাবে একইধরনের পরিবেশে আবেগজনিত সাহায্য। মহিলাদের নিজেদের জন্য এবং বাচ্চাদের জন্য ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করার জন্য তথ্য ও পরামর্শ দিয়ে শক্তিশালী হতে সাহায্য করা।
- ✓ হাউজিং এবং বেনেফিটের ফর্ম পূরণে সাহায্য করা

✓ যেসব মহিলাকে কমিউনিটিতে পুনরায় বাসস্থান দেওয়া হয়েছে তাদেরকে স্থায়ীভাবে বসবাস করতে সাহায্য।

✓ যেখানে প্রয়োজন বাইরের এজেন্সীগুলোর সাথে লিয়াজো বা যোগাযোগ রক্ষা করা। যেমন: ইমিগ্রেশন, হাউজিং, সোশাল সিকিউরিটি বিভাগ, পুলিশ এবং ল' সেন্টারসমূহ ইত্যাদি।

✓ জোর করে বিয়ে দেওয়ার কারণে পালিয়ে আসা মেয়েদের জন্য সাহায্য এবং পরামর্শ।

✓ আশ্রয়কেন্দ্রে আশ্রিত বাচ্চাদের সাথে কাজ করা।

✓ ইমিগ্রেশন ফান্ড: সহেলী যেসব মহিলা ও বাচ্চাদের পাবলিক ফান্ড বা বেনেফিট পান না তাদের জন্যও আশ্রয় ও সাহায্য প্রদান করে। এই সব মহিলারা ইমিগ্রেশন আইনের ফাঁদে পড়েছেন কারণ আইন অনুযায়ী যেসব মহিলারা ইংল্যান্ডে আসেন তাদের স্বামীর সাথে থাকার জন্য, তাদেরকে কমপক্ষে দু বছর তাদের বিয়ে টিকিয়ে রাখতে হবে ইমিগ্রেশন অফিসারদেরকে এটা বোঝানোর জন্য যে তাদের বিয়েটা নিঃসন্দেহে আইনসম্মত। তারা যদি এই সময়ের মধ্যে পারিবারিক নির্যাতনের কারণে বাড়ী ছেড়ে আসেন তাহলে তারা স্টেট বেনেফিট দাবী করতে পারবেন না।

আমরা ফান্ড সংগ্রহ করি এটা নিশ্চিত করার জন্য যেন যেসব মহিলাদের কোনো পাবলিক ফান্ডের বা হাউজিং বেনেফিটসহ অন্যান্য বেনেফিট পাওয়ার সম্ভাবনা নেই (এইধরনের বেশীরভাগ মহিলাকে অন্যান্য আশ্রয়কেন্দ্র থেকে ফিরিয়ে দেওয়া হয়, কারণ তারা হাউজিং বেনেফিট ক্লেইম করতে পারেন না) তাদের যেন এই আশ্রয়কেন্দ্রে থাকার ব্যবস্থা থাকে। দয়া করে দান করার চিন্তা করুন, যা সরাসরি এই সব মহিলা এবং বাচ্চাদের সাহায্যের কাজে লাগবে।



মহিলা: বাচ্চাসহ বা বাচ্চা ছাড়া (বিষমকামী, উভলিঙ্গ, সমকামী স্ত্রীলোক) মহিলা: যাদের জন্ম হয়েছে এবং লিঙ্গ পরিবর্তন করেছেন।

এশিয়ান: মহিলা যারা নিজেদের এশিয়ান অথবা এশিয়ান সংস্কৃতি, ধর্ম, ভাষা এবং প্রথার অন্তর্ভুক্ত মনে করেন।